230

দৈনিক বাংলা

তারিখ ... 10 JUL 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

# সংসদে ঢাকা ভার্সিটি আইন সংশোধন বিল পাস

**স্টাফ রিপোর্টার** ঃ রোববার জাতীয় সংসদে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (সংশোধন) এ্যাক্ট ১৯৯৫ নামক একটি বিল উত্থাপিত হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় (সংশোধন) এ্যাক্ট, ১৯৯৫ নামক একটি বিল সংশোধনীসহ পাস হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় (সংশোধন) এ্যাক্ট ১৯৯৫ নামক বিলটি শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার সংসদে উত্থাপন

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## সংসদে ঢাকা ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

করেছিলেন।

এই বিলে ঢাকা বিশ্ববিদ্যালয় অর্ডার, ১৯৭৩ (প্রেসিডেন্টস অর্ডার নং ১১, ১৯৭৩)-এর সংশোধন কার ব্যাচেলর অব কমার্স শব্দগুলি সংশোধন করে ব্যাচেলর অব বিজিনেস স্টাডিজ করার বিধান করা হয়েছে। বিলে কমার্স শব্দটির পরিবর্তে বিজিনেস স্টাডিজ শব্দগুলি প্রতিস্থাপনের প্রস্তাব করে সংশোধনী আনেন বস্ত্র প্রতিমন্ত্রী এমএ মান্নান। তার সংশোধনী প্রস্তাবটি সংসদে গৃহীত হয়। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বিলের সমর্থনে সংক্ষিপ্ত বক্তৃতায় জানান যে, বিশ্বের অন্যান্য দেশের বিশ্ববিদ্যালয়গুলির মানের সঙ্গে সামঞ্জস্য রেখে ১৯৭৩ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় অর্ডার-এর সংশোধন করে এই আইন করা হয়েছে।

তিনি জানান, বাংলাদেশের ব্যবসা-বাণিজ্য, শিল্প প্রতিষ্ঠান, বীমা ও ব্যাংক ব্যবস্থা, বিভিন্ন ধরনের সরকারী ও আধাসরকারী প্রতিষ্ঠানের পরিবর্তনশীল অবস্থার প্রেক্ষিতে একাডেমিক শৃংখলার স্বার্থে এই বিধান করা হচ্ছে।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (সংশোধন) ১৯৯৫ বিলে চট্টগ্রাম বন্দরের কার্যক্রম সময়োপযোগী ও অধিক গতিশীল করা কনটেইনার ও অন্যান্য পণ্য হ্যান্ডেল করা এবং বন্দর ব্যবহারকারীদের উৎকৃষ্ট সেবা প্রদানের লক্ষ্যে দি চিটাগাং পোর্ট অথরিটি অর্ডিন্যান্স ১৯৭৬ এবং প্রয়োজনীয় পরিবর্ধন ও সংশোধনীর প্রস্তাব করা হয়েছে। সংসদ আজ সোমবার বিকাল ৫টায় বসবে।

**নোটিশদাতার অনুপস্থিতি ঃ বাসন্তী সংক্রান্ত নোটিশ উত্থাপিত হয়নি**

নোটিশদাতার অনুপস্থিতির জন্য হাসপাতালে ভর্তি গুরুতর অসুস্থ বাসন্তীর আশু সুচিকিৎসার ব্যবস্থাকরণ সম্পর্কিত জরুরী জনগুরুত্বসম্পন্ন নোটিশটি রোববার দ্বিতীয় দিনের মত সংসদে উত্থাপিত হয়নি। স্পীকার শেখ রাজ্জাক আলী রোববার সংসদে সিদ্ধান্ত দেন যে, বাসন্তী সংক্রান্ত এ নোটিশটি সংসদের দিনের কর্মসূচীতে আদৌ আসবে না। উল্লেখ্য, ৭৪ সালের চিলমারীর জেলেপাড়ার জাল পরা সাড়া জাগানো বাসন্তী গুরুতর অসুস্থ ঃ হাসপাতালে ভর্তি শীর্ষক জরুরী জনগুরুত্বসম্পন্ন বিষয়ে নোটিশ দিয়েছিলেন বেগম কেজে হামিদা খানম। গত ৬ জুলাই সংসদের দিনের কর্মসূচীতে নোটিশটি আলোচনার জন্য অন্তর্ভুক্ত ছিল। নোটিশদাতা বেগম কেজে হামিদা খানম সেদিন সংসদে অনুপস্থিত থাকার কারণে নোটিশটি গত ৬ জুলাই সংসদে উত্থাপিত হয়নি। বেগম কেজে হামিদা খানমের বাসন্তী সংক্রান্ত নোটিশটি রোববার দ্বিতীয় দিনের মত সংসদের দিনের কর্মসূচীভুক্ত ছিল। কিন্তু নোটিশদাতা বেগম কেজে হামিদা খানম অনুপস্থিত থাকায় গতকাল দ্বিতীয় দিনেও সংসদে তার নোটিশটি উত্থাপিত হয়নি। এমতাবস্থায় স্পীকার সিদ্ধান্ত দেন যে, এ নোটিশটি আদৌ সংসদে দিনের কর্মসূচীতে আসবে না।